

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

স্মারক নং-৪৮.০০.০০০০.০০৪.৩৭.৫৬৩.১৭-২০৩০

তারিখ

০৭ আষাঢ় ১৪২৪ বঃ

২৩ জুন ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ প্রবাসী মুক্তিযোদ্ধাগণের নাম ও তথ্যাবলী গেজেটে অন্তর্ভুক্তির লক্ষ্যে আবেদন ফরম প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক প্রেরিত ০৪ জুন ২০১৭ খ্রিঃ-এর ৪৮.০২.০০০০.০০১.০০.২৮৫/৭৭১ স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, যে সকল প্রবাসী, মুক্তিযোদ্ধা হিসেবে গেজেটে নাম অন্তর্ভুক্তির জন্য ইতোপূর্বে অনলাইনে আবেদন করতে পারেননি শুধুমাত্র তারা আগামি ৩১/১০/২০১৭ তারিখ পর্যন্ত স্ব স্ব দূতাবাসে নির্ধারিত ফরমে (কপি সংযুক্ত) আবেদনপত্র দাখিল করতে পারবেন মর্মে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে (কপি সংযুক্ত)।

প্রসঙ্গত উল্লেখ্য যে, নির্ধারিত ফরম সমূহ মন্ত্রণালয়ের website (www.molwa.gov.bd) হতে download করা যাবে।

এমতাবস্থায়, প্রবাসীদের মুক্তিযোদ্ধা হিসেবে গেজেটভুক্তির লক্ষ্যে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক প্রেরিত যাচাই-বাছাই ফরমটি দূতাবাস সমূহে প্রেরণের এবং মুক্তিযোদ্ধা হিসেবে গেজেটে অন্তর্ভুক্তির আবেদন পত্রগুলি ৩১ অক্টোবর ২০১৭ তারিখের মধ্যে প্রবাসীদের নিকট হতে জমা নিয়ে ৩০ শে নভেম্বর ২০১৭-এর মধ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে দূতাবাস সমূহে নির্দেশনা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

উল্লেখ্য, বিশেষ প্রয়োজনে মহাপরিচালক জামুকার সাথে (ফোনঃ ৯৩৪৬৫২১ বা মোবাঃ ০১৭২৬-৩৩১০৪৪ বা ফ্যাক্সঃ ০২-৯৩৩৭০৮৭) যথাক্রমে টেলিফোন বা মোবাইল বা ফ্যাক্স / ই-মেইল-এর মাধ্যমে (dir.admin@jamuka.gov.bd) যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তিঃ বর্ণনামতে দুই (২) ফর্দ।

(মোঃ জুলফিকার আলী হায়দারী)
উপ সচিব
ফোনঃ ৯৫৬৬৫৭২

সচিব

পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ।

স্মারক নং-৪৮.০০.০০০০.০০৪.৩৭.৫৬৩.১৭

তারিখ

আষাঢ় ১৪২৪ বঃ

জুন ২০১৭ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও জ্ঞাতার্থে

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কারুরাইল।
৩. যুগ্ম সচিব (সনদ, গেজেট ও প্রত্যয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৪. যুগ্ম সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব-মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. সচিব-এর একান্ত সচিব-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

(মোঃ জুলফিকার আলী হায়দারী)
উপ সচিব
ফোনঃ ৯৫৬৬৫৭২

২৩.৬.১৭

Secretary (A-1)